# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

কুমিল্লা শাখা, ১২৫/১১৭, রাজগঞ্জ, ছাতিপট্টি, কুমিল্লা সিটি কর্পোরেশন,

ডাকঘরঃ কুমিল্লা-৩৫০০, থানাঃ আদর্শ সদর, জিলাঃ কুমিল্লা।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা এর ঋন গ্রহিতা রনজিত রায় চৌধুরী ব্যবসায়িক ঠিকানাঃ চকবাজার, কুমিল্লা এবং মৈত্রী টাওয়ার (দক্ষিন অংশ) ব্যবসায়িক ঠিকানাঃ হোল্ডিং নং-১৯, চক বাজার, তেরীপট্টি, কুমিল্লা স্বত্বাধিকারী-রনজিত রায় চৌধুরী, পিতাঃ মৃতঃ রমেশ রায় চৌধুরী, মাতাঃ মৃতঃ স্নেহ লতা রায় চৌধুরী, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হাউস নং-১৭, চকবাজার, তেরীপট্টি, ডাকঘরঃ কুমিল্লা-৩৫০০,কুমিল্লা সিটি কর্পোরেশন, জেলাঃ কুমিল্লা কর্তৃক গৃহিত ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋন মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৯.১০.০২০২৪ইং তারিখ পর্যন্ত দুটি ঋন হিসাবের বিপরীতে {(রনজিত রায় চৌধুরী ও মৈত্রী টাওয়ার (দক্ষিন অংশ)} ব্যাংকের সর্বমোট পাওনা মোট ৪,৬২,১১,০৭৪.৪৭(চার কোটি বাষট্রি লক্ষ এগার হাজার চুয়াত্তর দশমিক সাত চল্লিশ) টাকা মাত্র এবং অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

<u>বন্ধকী সম্পত্তির তফসিল</u>

১. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর, জে এল নং-সাবেক ২৪০ এবং হাল ১৫৭ বজ্রপুর মৌজার অন্তর্গত খতিয়ান-নং-সি.এস-১৩৪, আর. এস-৫২৩, বি.এস-(ডিপি-২৫৫৭), নামজারী খতিয়ান নং-৫২৩/১০২৬, দাগ নং সি.এস-১৩৭৭, ১৩৭৮, আর.এস-২০৮০, বি.এস-২১০৮ সম্পত্তির পরিমান ৬.০০ শতক ভুমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

২. জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সদর, জে এল নং-সাবেক ২৪০ এবং হাল ১৫৭ বজ্রপুর মৌজার অন্তর্গত খতিয়ান-নং আর.এস-৫৫১, বি.এস-(ডিপি-২৫৫৭), নামজারী খতিয়ান নং-৪১১২, দাগ নং আর.এস-২১১৬, বি.এস-২১০৮ সম্পত্তির পরিমান ২.০০ শতক ভুমি এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

**উপরোক্ত ২ টি তফসিলের মোট** ৮.০০ শতক **বন্ধকী ভূমিতে নির্মিত** ১৬,৪২৭.১০ **বর্গফুট আয়তনের ছয় তলা বিশিষ্ট ভবনের নীচতলার** ১৫৯৩.২৯ **বর্গফুট ফ্লোরস্পেস ও তৎসংশ্লিষ্ট** ০.৬৭ **শতক অবিভক্ত ও অবিভাজ্য ভূমি ইতিমধ্যে অবমুক্ত করা হয়েছে বিধায় বর্তমানে বন্ধকী সম্পত্তির পরিমান** ৭.৩৩ **শতক ভুমি সহ** ১৪৮৩৩.৮১ **বর্গফুট আয়তনের ভবন।**

যাহার চৌহদ্দী -উত্তরে; মকবুল আহমেদ, দক্ষিনেঃ আলী আশরাফ গং, পুর্বেঃ ৩০ ফুট প্রশস্ত পৌরসভা রাস্তা, পশ্চিমেঃ আলী আশরাফ।

<u>নিলামের শর্তাবলীঃ</u>

১। আগামী ০৫.১১.২০২৪ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরুপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ঝাউতলা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবা্ন করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা, ডেস্কো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, কুমিল্লা শাখা, কুমিল্লা।